Time Taken

00:00

Mark Gained

1.Fill in the gap: The man resembles _____ my father.

a. with

b. for

c. to

d. No preposition

Explanation: Answer: No preposition. resemble = সদৃশ হওয়া। এর পর কোনো Preposition বসে না, সরাসরি Object বসে। এ রকম আরো কিছু শব্দের পরে preposition বসে না: discuss, join, sign, resign, concern, confuse, describe, announce, attack, enter, love, request, contemplate, resemble, recommend, comprise, violate, investigate, contradict, order, emphasise, regret, inform, reach, pick, meet, ascend, answer ইত্যাদি Transitive Verb এর পর preposition না বসে সরাসরি object বসে|

2.Fill in the gap: He _____ ill for seven days.

a. has been

b. has been being

c. is

d. is being

Explanation: Answer: has been. এখানে for seven days – period of time থাকার কারণে Present Perfect Continuous Tense হওয়ার কথা। কিন্তু মূল Verb – be verb হলে Present Perfect Continuous এর পরিবর্তে Present Perfect Tense হয়।

3.The house belongs _____ Mr. Abedin.

a. in

b. to

c. for

d. no preposition

Explanation: Answer: to. বাড়িটি মি. আবেদীনের অধিকারে আছে। belong to = অধিকারে থাকা।

4.Bronchitis results _____ air pollution.

a. to

b. in

c. from

d. about

Explanation: Answer: from. result from = উৎপন্ন হওয়া.

5.People of all classes mourn _____ his death.

a. for

b. after

c. with

d. on

Explanation: Answer: for. mourn for = বিলাপ করা।

6.বেগম রোকেয়ার ইংরেজি গ্রন্থ কোনটি?

a. মতিচুর

b. সুলতানার স্বপ্ন

c. পদ্মরাগ

d. অবরোধবাসিনী

7.রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম কত বঙ্গাব্দে?

a. ক) ১২৪৮

b. খ) ১২৫৬

c. গ) ১২৬৫

d. ঘ) ১২৬৮

Explanation: ***ঘ) ১২৬৮*** রবীন্দ্রনাথ ঠাকুর (১৮৬১-১৯৪১) ছিলেন মূলত কবি, সঙ্গীতজ্ঞ, কথাসাহিত্যিক, নাট্যকার, চিত্রশিল্পী, প্রাবন্ধিক, দার্শনিক, শিক্ষাবিদ ও সমাজ-সংস্কারক । - রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম ১৮৬১ সালের ৭ মে (১২৬৮ বঙ্গাব্দের ২৫ বৈশাখ) কলকাতার জোড়াসাঁকোর অভিজাত ঠাকুর পরিবারে। তাঁর পিতা মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর এবং পিতামহ প্রিন্স দ্বারকানাথ ঠাকুর। - মূলত কবি হিসেবেই তাঁর প্রতিভা বিশ্বময় স্বীকৃত। - রবীন্দ্রনাথের ৫২টি কাব্যগ্রন্থ,৩৮টি নাটক, ১৩টি উপন্যাস ও ৩৬টি প্রবন্ধ ও অন্যান্য গদ্যসংকলন তার জীবদ্দশায় বা মৃত্যুর অব্যবহিত পরে প্রকাশিত হয়। তার

সর্বমোট ৯৫টি ছোটগল্পও ১৯১৫টি গান যথাক্রমে গল্পগুচ্ছ ও গীতবিতান সংকলনের অন্তর্ভুক্ত হয়েছে। - রবীন্দ্রনাথের যাবতীয় প্রকাশিত ও গ্রন্থাকারে অপ্রকাশিত রচনা ৩২ খণ্ডে রবীন্দ্র রচনাবলী নামে প্রকাশিত হয়েছে। - রবীন্দ্রনাথের যাবতীয় পত্রসাহিত্য উনিশ খণ্ডে চিঠিপত্র ও চারটি পৃথক গ্রন্থে প্রকাশিত। এছাড়া তিনি প্রায় দুই হাজার ছবি এঁকেছিলেন। - ১৯১৩ সালে গীতাঞ্জলি কাব্যগ্রন্থের ইংরেজি অনুবাদের জন্য তিনি এশীয়দের মধ্যে সাহিত্যে প্রথম নোবেল পুরস্কার লাভ করেন। - আট বছর বয়সে তিনি কবিতা লেখা শুরু করেন। > প্রথম প্রকাশিত কবিতা: 'হিন্দুমেলার উপহার' (১৮৭৪) > প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ: 'কবি-কাহিনি' (১৮৭৮) > প্রথম নাটক: 'বাল্মীকি প্রতিভা' (১৮৮১) > প্রথম প্রকাশিত উপন্যাস: 'বৌঠাকুরানীর হাট' (১৮৮৩) > প্রথম প্রকাশিত ছোটগল্প: 'ভিখারিনী' (১৮৭৪) > প্রথম প্রবন্ধ: 'বিবিধ প্রসঙ্গ' (১৮৮৩) > শেষ উপন্যাস: 'চার অধ্যায়' > সর্বশেষ প্রবন্ধ: 'সভ্যতার সংকট' (১৯৪১) - ১৯৪১ সালের ৭ আগস্ট (২২ শ্রাবণ ১৩৪৮) জোড়াসাঁকোর বাড়িতে রবীন্দ্রনাথ শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। উৎস: লাল নীল দীপাবলি, হুমায়ুন আজাদ; বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর; বাংলাপিডিয়া।

8.রবীন্দ্রনাথ ঠাকুরের কোন রচনাটি অপরগুলি থেকে ভিন্নধর্মী?

a. ক) দেনা পাওনা

b. খ) হৈমন্তী

c. গ) ছুটি

d. ঘ) অপরিচিতা

Explanation: ***গ) ছুটি*** রবীন্দ্রনাথ ঠাকুরের ছোটগল্পে যৌতুক প্রসঙ্গসহ বিভিন্ন সামাজিক সমস্যার কথা উঠেছে। রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬টি যৌতুক বিষয়ের গল্প পাওয়া যায়- গল্পগুলো যথাক্রমে—‘দেনা পাওনা’, ‘কঙ্কাল’, ‘স্বর্ণমৃগ’, ‘সুভা’, ‘প্রায়শ্চিত্ত’, ‘মানভঞ্জন’, ‘ঠাকুরদা’, ‘দুর্বুদ্ধি’, ‘যজ্ঞেশ্বরের যজ্ঞ’, ‘নষ্টনীড়’, ‘পণরক্ষা’, ‘হৈমন্তী’, ‘অপরিচিতা’, ‘স্ত্রীর পত্র’, ‘তপস্বিনী’ ও ‘পাত্রপাত্রী’। অপরদিকে 'ছুটি' ছোটগল্পে রবীন্দ্রনাথ ঠাকুর ফটিক চক্রবর্তী নামে এক কিশোরের করুণ পরিণতি বর্ণনা করেছেন। উৎস: ছুটি, রবীন্দ্রনাথ ঠাকুর এবং দৈনিক পত্রিকা।

9.চলিত ভাষায় লেখা রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম উপন্যাস কোনটি?

a. ক) ঘরে-বাইরে

b. খ) যোগাযোগ

c. গ) গোরা

d. ঘ) মালঞ্চ

Explanation: ***ক) ঘরে-বাইরে*** ঘরে-বাইরে' (১৯১৬) চলিত ভাষায় লেখা রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম উপন্যাস। - উপন্যাসটি সবুজপত্রে প্রকাশিত হয় ১৯১৫ সালে। - স্বদেশি আন্দোলনের পটভূমিকায় রচিত হয়েছে উপন্যাসটি। - 'ঘরে-বাইরে' উপন্যাসের সাথে পাশ্চাত্য ঔপন্যাসিক স্টিভেনসনের 'প্রিন্স অটো' উপন্যাসের ভাবসাদৃশ্য আছে। উপন্যাসের চরিত্র - নিখিলেশ, বিমলা, স্বন্দীপ। রবীন্দ্রনাথ ঠাকুরের উল্লেখযোগ্য উপন্যাস: - চোখের বালি - গোরা - চতুরঙ্গ - চার অধ্যায় - ঘরে-বাইরে - মালঞ্চ ইত্যাদি। > প্রথম প্রকাশিত কবিতা: 'হিন্দুমেলার উপহার' (১৮৭৪) > প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ: 'কবি-কাহিনি' (১৮৭৮) > প্রথম নাটক: 'বাল্মীকি প্রতিভা' (১৮৮১) > প্রথম প্রকাশিত উপন্যাস: 'বৌঠাকুরানীর হাট' (১৮৮৩) > প্রথম প্রকাশিত ছোটগল্প: 'ভিখারিনী' (১৮৭৪) > প্রথম প্রবন্ধ: 'বিবিধ প্রসঙ্গ' (১৮৮৩) > শেষ উপন্যাস: 'চার অধ্যায়' > সর্বশেষ প্রবন্ধ: 'সভ্যতার সংকট' (১৯৪১) উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

10.রবীন্দ্রনাথ ঠাকুরকে 'গুরুদেব' উপাধি দেন কে?

a. ব্রহ্মবান্ধব উপাধ্যায়

b. মহাত্মা গান্ধী

c. রাণী ভিক্টোরিয়া

d. ইন্দিরা গান্ধী

Explanation: ***ব্রহ্মবান্ধব উপাধ্যায়** কবিগুরু- ক্ষিতিমোহন সেন। গুরুদেব- মহাত্মা গান্ধী। ভারতের মহাকবি - চীনা কবি চি - সি - লিজন। রবীন্দ্রনাথ ঠাকুর ব্রিটিশ সরকার কর্তৃক নাইটহুড উপাধি লাভ করে - ১৯১৫ সালে এবং নাইটহুড উপাধি ত্যাগ করে - ১৯১৯ সালে ( জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডের প্রতিবাদে।

11.‘তোমার সৃষ্টির পথ রেখেছ আকীর্ণ করি’- কোন কাব্যের কবিতা?

a. শেষলেখা

b. আকাশ প্রদীপ

c. সেঁজুতি

d. পূরবী

Explanation: ***শেষলেখা***

12.রোকেয়া সাখাওয়াত হোসেন রচিত গ্রন্থ কোনটি?

a. অবরোধবাসিনী

b. পদ্মাবতী

c. পদ্মগোখরা

d. অচলায়তন

Explanation: উত্তর: অবরোধবাসিনী। পদ্মগোখরা ( গল্প)- কাজী নজরুল ইসলাম। শিউলিমালা গল্পগ্রন্থের অন্তর্ভুক্ত। পদ্মাবতী ( নাটক)- মাইকেল মধুসূদন দত্ত। পদ্মাবতী ( কাব্য)- আলাওল। পদ্মাবতী ( সমালোচনামূলক)- সৈয়দ আলী আহসান। পদ্মরাগ ( উপন্যাস)- বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন। অচলায়তন ( রূপক ও সাংকেতিক নাটক)- রবীন্দ্রনাথ ঠাকুর। চরিত্রঃ আদিনপুণ্যে, পঞ্চক।

13.'মুহূর্তের কবিতা' নামক সনেট সংকলন করেন কে?

a. ক) নবীনচন্দ্র সেন

b. খ) বিজন ভট্টাচার্য

c. গ) নির্মলেন্দু গুণ

d. ঘ) ফররুখ আহমদ

Explanation: উত্তর: 'মুহুর্তের কবিতা' নামক সনেট সংকলনের রচয়িতা ফররুখ আহমদ। কবি, শিশুসাহিত্যিক ফররুখ আহমদ (১৯১৮-১৯৭৪) -এর জন্ম মাগুরা জেলার শ্রীপুর থানার মাঝাইল গ্রামে। - তিনি ছিলেন মুসলিম পুনর্জাগরণবাদী কবি। - কিশোর বয়সে কবিতা রচনার মধ্য দিয়ে ফররুখ আহমদ সাহিত্যাঙ্গনে প্রবেশ করেন। - ১৯৪৪ সালে কলকাতার দুর্ভিক্ষের পটভূমিতে 'লাশ' কবিতা লিখে তিনি প্রথম খ্যাতি অর্জন করেন। - তাঁর কাব্যের মৌলিক প্রবণতা মুসলিম সংস্কৃতির গৌরবকীর্তন ও জাতীয় চেতনার পুনর্জাগরণ। পাকিস্তানবাদ, ইসলামিক আদর্শ ও আরব-ইরানের ঐতিহ্য তাঁর কবিতায় উজ্জ্বলভাবে ফুটে উঠেছে। - বাংলা ভাষায় আরবি-ফারসি শব্দের প্রয়োগনৈপুণ্য এবং বিষয়বস্তু ও আঙ্গিকের অভিনবত্বে তাঁর কবিতা এক বিশেষ মর্যাদা লাভ করেছে। - ব্যঙ্গ্যকবিতা ও সনেট রচনায় তাঁর কৃতিত্ব অনস্বীকার্য। তাঁর উল্লেখযোগ্য কাব্য - সাত সাগরের মাঝি (১৯৪৪), - সিরাজাম মুনিরা (১৯৫২), - নৌফেল ও হাতেম (১৯৬১), - মুহূর্তের কবিতা (১৯৬৩), - হাতেমতায়ী (১৯৬৬), - হাবেদা মরুর কাহিনী (১৯৮১) ইত্যাদি। তাঁর শিশুতোষ রচনা - পাখির বাসা (১৯৬৫), - হরফের ছড়া (১৯৭০), - ছড়ার আসর (১৯৭০) ইত্যাদি

14.থাকব না কো বদ্ধ ঘরে, দেখব এবার জগৎটাকে'- লাইনটির রচয়িতা কে?

a. ক) সত্যেন্দ্রনাথ দত্ত

b. খ) রজনীকান্ত সেন

c. গ) কাজী নজরুল ইসলাম

d. ঘ) সুকান্ত ভট্টাচার্য

Explanation: থাকব নাক বদ্ধ ঘরে, দেখব এবার জগৎটাকে'- লাইনটির রচয়িতা কাজী নজরুল ইসলাম । সংকল্প - কাজী নজরুল ইসলাম থাকব না কো বদ্ধ ঘরে, দেখব এবার জগৎটাকে,- কেমন করে ঘুরছে মানুষ যুগান্তরের ঘুর্ণিপাকে। দেশ হতে দেশ দেশান্তরে ছুটছে তারা কেমন করে, কিসের নেশায় কেমন করে মরছে যে বীর লাখে লাখে, কিসের আশায় করছে তারা বরণ মরণ-যন্ত্রণারে।।

15.কাজী নজরুল ইসলামের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ কোনটি?

a. অগ্নিবীণা

b. বিষের বাঁশি

c. দোলন চাঁপা

d. সাম্যবাদী

Explanation: ***অগ্নিবীণা*** প্রথম প্রকাশিতঃ রচনা বা গল্প - বাউণ্ডুলের আত্মকাহিনী। কবিতা - মুক্তি। কাব্যগ্রন্থ - অগ্নিবীণা ( ১৯২২ সালে প্রকাশিত)। প্রবন্ধগ্রন্থ - যুগবাণী। গ্রন্থ / গল্পগ্রন্থ - ব্যথার দান ( ১৯২২ সালে প্রকাশিত)। উপন্যাসঃ বাঁধনহারা।

16.পল্লীকবি জসীমউদ্‌দীনের পল্লীগানসমূহ সংকলিত হয়েছে কোন গ্রন্থে?

a. রঙিলা নায়ের মাঝি

b. রাখালী

c. এক পয়সার বাঁশী

d. মা যে জননী কান্দে

Explanation: ***রঙিলা নায়ের মাঝি*** জসীমউদ্দিনের গানের সংকলন - ১. জারিগান। ২. গাঙের পাড়। ৩. রঙিলা নায়ের মাঝি।

17.মাইকেল মধুসূদন দত্ত রচিত প্রথম কাব্যগ্রন্থ কোনটি?

a. ক) তিলোত্তমাসম্ভব কাব্য

b. খ) মেঘনাদবধ কাব্য

c. গ) চতুর্দশপদী কবিতাবলী

d. ঘ) দ্য ক্যাপটিভ লেডি

Explanation: ***ঘ) দ্য ক্যাপটিভ লেডি*** বাংলাভাষার সনেট প্রবর্তক, অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক মাইকেল মধুসূদন দত্ত (১৮২৪-১৮৭৩)। - ১৮২৪ সালের ২৫ জানুয়ারি যশোর জেলার কপোতাক্ষ নদের তীরে সাগরদাঁড়ি গ্রামে, এক জমিদার বংশে তাঁর জন্ম। - হিন্দু কলেজে অধ্যয়নের সময়েই মধুসূদন কাব্যচর্চা শুরু করেন। তখন তাঁর কবিতা জ্ঞানান্বেষণ, Bengal Spectator, Literary Gleamer,

Calcutta Library Gazette, Literary Blossom, Comet প্রভৃতি পত্রিকায় প্রকাশিত হতো। - মাদ্রাজে অবস্থানকালে Timothy Penpoem ছদ্মনামে তাঁর প্রথম কাব্যগ্রন্থ The Captive Ladie (১৮৪৮) এবং দ্বিতীয় গ্রন্থ Visions of the Past প্রকাশিত হয়। - বাংলায় রচিত মধুসূদনের প্রথম কাব্যগ্রন্থ 'তিলোত্তমাসম্ভব' কাব্য (১৮৬০)। তাঁর অন্যান্য কাব্যগ্রন্থ: - মেঘনাদবধ কাব্য (১৮৬১) - ব্রজাঙ্গনা কাব্য (১৮৬১) - বীরাঙ্গনা কাব্য (১৮৬২) - চতুর্দশপদী কবিতাবলী (১৮৬৫) উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর এবং বাংলাপিডিয়া।

18.'বাঁধন-হারা' কোন জাতীয় রচনা?

a. ক) প্রবন্ধ

b. খ) নৃত্যনাট্য

c. গ) কাব্যগ্রন্থ

d. ঘ) পত্রোপন্যাস

Explanation: ***ঘ) পত্রোপন্যাস*** কাজী নজরুল ইসলামের প্রথম উপন্যাস ‘বাঁধন-হারা' (১৯২৭)। - এটি বাংলা সাহিত্যের প্রথম পত্রোপন্যাস। - কাজী নজরুল ইসলাম করাচীতে অবস্থানকালে ‘বাধন-হারা' উপন্যাস রচনা শুরু করেন। - এটি ১৯২১ সালে 'মোস্লেম ভারত' পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়। - পরে ‘বাধন-হারা' নামেই গ্রন্থাকারে প্রকাশিত হয়। - উপন্যাসের নায়ক নুরু। - অন্যান্য চরিত্রের মধ্যে রয়েছে - রবিউল, রাবেয়া, সোফিয়া, মাহবুবা প্রমুখ। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

19."এ জগতে হায় সেই বেশি চায় আছে যার ভুরি ভুরি- রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।" - পঙক্তিটি কোন কবিতার অন্তর্ভুক্ত?

a. ক) দুই বিঘা জমি

b. খ) কড়ি ও কোমল

c. গ) ক্ষণিকা

d. ঘ) কাহিনী

Explanation: ***ক) দুই বিঘা জমি*** "এ জগতে হায় সেই বেশি চায় আছে যার ভুরি ভুরি- রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।" পঙক্তিটি রবীন্দ্রনাথ ঠাকুরের 'কাহিনী' কাব্যগ্রন্থের অন্তর্গত 'দুই বিঘা জমি' কবিতার অন্তর্ভুক্ত। - 'কাহিনী' কাব্যগ্রন্থটি ১৯০০ সালে প্রকাশিত হয়। - পরবর্তীতে 'কথা' কাব্যগ্রন্থের সহযোগে 'কথা ও কাহিনী' কাব্যগ্রন্থ প্রকাশ পায়। - তিনি ১৩০২ বঙ্গাব্দের ৩১ জ্যৈষ্ঠ 'দুই বিঘা জমি' কবিতাটি রচনা করেন। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

20.রবীন্দ্রনাথ ঠাকুরের Song Offerings গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?

a. ক) ১৯১০

b. খ) ১৯১১

c. গ) ১৯১২

d. ঘ) ১৯১৩

Explanation: ***গ) ১৯১২*** রবীন্দ্রনাথ ঠাকুরের গীতাঞ্জলি অবলম্বনে Song Offerings গ্রন্থটি প্রকাশিত হয় ১৯১২ সালের নভেম্বরে, ইংল্যান্ডে। - 'গীতাঞ্জলি' রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৭টি গানের সংকলন। - গানগুলি ১৯০৮ ও ১৯০৯ সালে রচিত এবং ১৯১০ সালে গ্রন্থাকারে প্রকাশিত। - এগুলো সহজ ভাষায়, সাবলীল ছন্দে লিখিত। - 'গীতাঞ্জলি'র গানগুলো মূলত কবিতা। - 'গীতাঞ্জলি'র সম্পূর্ণ অনুবাদ যদিও Song Offerings নয়, তবুও এই গ্রন্থের আধ্যাত্মবাদ, প্রকৃতি, প্রেমযৌথধারায় ইংরেজি গ্রন্থে প্রবাহমান। - Song Offerings এর জন্য রবীন্দ্রনাথ ঠাকুর ১৯১৩ সালে নোবেল পুরস্কার অর্জন করে। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

21.নিচের কোন কবিতাটি কাজী নজরুল ইসলামের 'অগ্নি-বীণা' কাব্যের অন্তর্গত নয়?

a. ক) ধূমকেতু

b. খ) আগমনী

c. গ) নারী

d. ঘ) কামালপাশা

Explanation: নারী কবিতাটি ‘সাম্যবাদী’ কাব্যের অন্তর্গত। - 'বিদ্রোহী' কবিতাটি 'অগ্নি-বীণা' কাব্য গ্রন্থের অন্তর্গত। - 'অগ্নি-বীণা' কাজী নজরুল ইসলামের প্রথম কাব্যগ্রন্থ। - কাব্যগ্রন্থটি তিনি বিপ্লবী বারীন্দ্রকুমার ঘোষ কে উৎসর্গ করেন। - এই কাব্যগ্রন্থের প্রথম কবিতা ‘প্রলয়োল্লাস'। - এ কাব্যে মোট ১২টি কবিতা আছে। অগ্নি-বীণা কাব্যের কবিতাগুলো হলো: প্রলোয়ল্লাস বিদ্রোহী রক্তাম্বর-ধারিণী মা আগমণী ধূমকেতু কামাল পাশা আনোয়ার রণভেরী শাত-ইল-আরব খেয়াপাড়ের তরণী কোরবানি মোহররম

22.নন্দিনী' চরিত্রের দেখা পাওয়া যার রবীন্দ্রনাথের কোন রচনায় ?

a. ক) বিসর্জন

b. খ) গোরা

c. গ) ডাকঘর

d. ঘ) রক্তকরবী

Explanation: রক্তকরবী' (১৯২৬) রবীন্দ্রনাথ ঠাকুরের একটি সাংকেতিক নাটক। - ১৩৩০ বঙ্গাব্দের আশ্বিন সংখ্যায় 'প্রবাসী' তে এটি প্রকাশিত হয়। - চরিত্র: নন্দিনী, রঞ্জন ইত্যাদি। - 'রক্তকরবী'-তে ধনের উপর ধ্যানের, শক্তির উপর প্রেমের এবং মৃত্যুর উপর জীবনের জয়গান গাওয়া হয়েছে। অন্যান্য উল্লেখযোগ্য নাটক- - বাল্মীকিপ্রতিভা - কালমৃগয়া - রাজা ও রাণী - গোড়ায় গলদ - বৈকুণ্ঠের খাতা - বিসর্জন - চিরকুমার সভা - শারদোৎসব - রাজা - ডাকঘর - অচলায়তন - ফাল্গুনী - মুক্তধারা - রক্তকরবী - তাসের দেশ - কালের যাত্রা উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর; বাংলাপিডিয়া।

23.কাদম্বিনী মরিয়া প্রমান করিল, সে মরে নাই' - উক্তি টি কোন গল্পের?

a. ক) জীবিত ও মৃত

b. খ) সে

c. গ) বিলাশী

d. ঘ) দেনাপাওনা

Explanation: কাদম্বিনী মরিয়া প্রমান করিল, সে মরে নাই' - উক্তি টি রবীন্দ্রনাথ ঠাকুরের 'জীবিত ও মৃত' গল্প থেকে নেয়া। - 'জীবিত ও মৃত' ১৮৯২ সালে রবীন্দ্রনাথ ঠাকুর কর্তৃক রচিত একটি বাংলা ছোটগল্প। - এটি রবীন্দ্রনাথের একটি উল্লেখযোগ্য ছোটগল্প। - এটি গল্পগুচ্ছে অন্তর্ভুক্ত আছে - গল্পটি সাহিত্যের দুটি অনন্য রূপকে একত্রিত করেছে: অতিপ্রাকৃত গল্প এবং ব্যঙ্গাত্মক উপমা। - তবে এটি কোনও নিখুঁত অতিপ্রাকৃত গল্প নয়। - কাদম্বিনীর অস্তিত্ব অতিপ্রাকৃত। এতে জীবন এবং মৃত্যুর মধ্যে আটকে থাকার ধারণা চিত্রিত হয়েছে। সংক্ষেপে, এটি মৃত্যুর রহস্য নিয়ে কাজ করে।

24.মাইকেল মধুসূদন দত্তের শেষ রচনা কোনটি?

a. ক) মেঘনাদবধ কাব্য

b. খ) চতুর্দশপদী কবিতাবলী

c. গ) কৃষ্ণকুমারী

d. ঘ) মায়া-কানন

Explanation: মাইকেল মধুসূদন দত্তের শেষ রচনা মায়া-কানন (১৮৭৩) নাটক। - বাংলা ভাষায় প্রকাশিত তাঁর ১২টি গ্রন্থ এবং ইংরেজি ভাষায় প্রকাশিত ৫টি গ্রন্থ রয়েছে। - তার সর্বশ্রেষ্ঠ কীর্তি অমিত্রাক্ষর ছন্দে রামায়ণের উপাখ্যান অবলম্বনে রচিত 'মেঘনাদবধ কাব্য' নামক মহাকাব্য। তাঁর রচিত নাটক - শর্মিষ্ঠা (১৮৫৯) - পদ্মাবতী (১৮৬০) - কৃষ্ণকুমারী (১৮৬১) - মায়া-কানন (১৮৭৪) তাঁর রচিত প্রহসন - একেই কি বলে সভ্যতা' (১৮৬০) ও - বুড় সালিকের ঘাড়ে রোঁ (১৮৬০)। তাঁর রচিত কাব্য - তিলোত্তমাসম্ভব কাব্য (১৮৬০) - মেঘনাদবধ কাব্য (১৮৬১) - ব্রজাঙ্গনা কাব্য (১৮৬১) - বীরাঙ্গনা কাব্য (১৮৬২) - চতুর্দশপদী কবিতাবলী (১৮৬৫) উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর এবং বাংলাপিডিয়া।

25.কবি জসীমউদ্দীনের আত্মজীবনীমূলক গ্রন্থ কোনটি?

a. ক) যাদের দেখেছি

b. খ) জীবন কথা

c. গ) জীবন চরিত

d. ঘ) আত্মকথা

Explanation: জীবন কথা (১৯৬৪) কবি জসীমউদ্‌দীন রচিত আত্মজীবনীমূলক গ্রন্থ। - যাদের দেখেছি - জসীমউদ্দীনের স্মৃতিচারণমূলক গ্রন্থ। - জীবন চরিত (১৮৯১) ঈশ্বরচন্দ্র রচিত আত্মজীবনীমূলক গ্রন্থ। এটি বিদ্যাসাগরের মৃত্যুর পর প্রকাশিত হয়। - আত্মকথা (১৯৭৮) মনসুর আহমেদ রচিত আত্মজীবনীমূলক গ্রন্থ। - জীবনস্মৃতি (১৯১২) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত আত্মজীবনীমূলক গ্রন্থ। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা- ড. সৌমিত্র শেখর।

26.‘সঞ্চিতা’ কাব্যগ্রন্থের রচিয়তা কে?

a. ক) কাজী নজরুল ইসলাম

b. খ) আল মাহমুদ

c. গ) জীবনানন্দ দাশ

d. ঘ) জসীমউদ্‌দীন

Explanation: কবি জসীমউদ্‌দীন-এর নির্বাচিত কবিতা সংকলন গ্রন্থ- সুচয়নী। গ্রন্থটি ১৯৬১ সালে প্রকাশিত হয়। - কাজী নজরুলের নির্বাচিত কবিতা সংকলনের নাম - সঞ্চিতা। কাব্যটি কবি রবীন্দ্রনাথ ঠাকুরকে উৎসর্গ করেন। - রবীন্দ্রনাথের নির্বাচিত কবিতা সংকলনের নাম সঞ্চয়িতা। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা- ড. সৌমিত্র শেখর।

27.Scarcely ____ there when it began to rain.

a. I had reached

b. reach did I

c. had I reached

d. did reach

Explanation: Scarcely + had......when + Past Indefinite. তাই সঠিক উত্তর হবে Had I reached.

28.Fill in the gap. There are exceptions ________ every rule.

a. of

b. to

c. at

d. on

Explanation: Answer: to. - Complete Sentence: There are exceptions to every rule. • exception to - নিয়মবহির্ভূত কিছু - exceptions to a rule. অর্থাৎ, নিয়মবহির্ভূত কিছু বোঝাতে exception এরপর preposition হিসাবে to বসে।

29.Babor ____ Ibrahim in the Panipath War.

a. was defeated

b. defeats

c. has defeated

d. has been defeated

Explanation: Answer: defeats. অতীতের ঘটনা হলেও ঐতিহাসিক সত্য প্রকাশে past indefinite tense ব্যবহার না করে present indefinite tense ব্যবহার করা যায়। এ হিসেবে ২ নং অপশন সঠিক।

30.Yes, according to your instruction, I _____ the task just now.

a. completed

b. have completed

c. has completed

d. had completed

Explanation: Answer: have completed. already, yet, just, just now ইত্যাদি থাকলে present perfect tense হয়।

31.I _____ this work. Besides, I _____ the other work before.

a. had done, did

b. have done, have done

c. have done, did

d. did, had done

Explanation: Answer: have done, did. করেছি, করেছ, করেছে ইত্যাদি গঠনের বাক্য present perfect হয়। I have done this work. অতীতের সময় নির্দেশ করলে যেমন, last year, last night, yesterday, before ইত্যাদি থাকলে past indefinite tense হয়। Besides, I did the other work before.

32.Use the right form of verb: I ___________ a letter to my mother at this time.

a. had written

b. writing

c. wrote

d. am writing

Explanation: Ans: am writing.

33.Please look ______ the word in the dictionary.

a. after

b. on

c. up

d. into

Explanation: Answer: up. ✻ Please look up the word in the dictionary. ➻ Look up- খুঁজে বের করা ➥ Look over- পরীক্ষা করা ➥ Look about- খোঁজ করা ➥ Look after- দেখাশোনা করা ➥ Look at- তাকানো ➥ Look down upon- ঘৃণা করা ➥ Look for- খোঁজা ➥ Look on- মনে করা ➥ Look into- তদন্ত করা ➥ Look out- বাইরে তাকানো ➥ Look through- যত্নের সাথে পরীক্ষা করে ➥ Look up to- সম্মান করা

34.Kill the rat ___ the stick.

a. at

b. with

c. by

d. through

Explanation: Ans- killed with [ কোন কিছু দিয়ে মারা] ex- killed a fly with a rolled up news paper

35.Satyendranath was a contemporary ____ Rabindranath Tagore.

a. to

b. of

c. off

d. on

Explanation: Ans: of

36.My mother ______ suffering from fever since Friday.

a. will

b. will have

c. will have been

d. have

Explanation: Ans: will have been

37.Don't trespass ____ my land.

a. into

b. for

c. to

d. upon

Explanation: Answer: upon. trespass on/upon: অনাধিকার প্রবেশ।

38.Select the right form of verb: I usually _____ to my friend's house.

a. ক) went

b. খ) gone

c. গ) go

d. ঘ) going

39.রবীন্দ্রনাথ ঠাকুর তার রচিত কোন নাটকটি কাজী নজরুল ইসলামকে উৎসর্গ করেছিল?

a. অচলায়তন

b. বিসর্জন

c. ডাকঘর

d. বসন্ত

40.মতিচুর' রোকেয়া সাখাওয়াত হোসেন রচিত কোন ধরনের সাহিত্যকর্ম?

a. গল্প

b. প্রবন্ধগ্রন্থ

c. উপন্যাস

d. কাব্যগ্রন্থ

41.বৈকুণ্ঠের খাতা' রবীন্দ্রনাথ ঠাকুরের কোন ধরণের রচনা?

a. উপন্যাস

b. ছোটগল্প

c. কবিতা

d. নাটক

42.হেক্টরবধ' কাব্যটি কোন কাহিনি অবলম্বনে রচিত?

a. ভার্জিনের 'ইনীদ'

b. মহাভারত

c. বাল্মীকীর 'রামায়ণ'

d. হোমারের 'ইলিয়াড'

43.কোনটি মাইকেল মধুসূদন দত্ত রচিত নয়?

a. পদ্মাবতী

b. বুড়ো শালিকের ঘাড়ে রোঁ

c. চতুর্দশপদী কবিতাবলী

d. সনেট পঞ্চাশৎ

Explanation: উত্তর: সনেট পঞ্চাশৎ। প্রমথ চৌধুরী কাব্যগ্রন্থ - সনেট পঞ্চাশৎ, পদচারণ। মাইকেল মধুসূদন দত্ত - পদ্মাবতী - নাটক। চতুর্দশপদী কবিতাবলি - বাংলা সাহিত্যর প্রথম সনেট সংকলন। বুড়ো শালিকের ঘাড়ে রোঁ এবং একেই কি বলে সভ্যতা প্রহসন।

44.জীবনস্মৃতি' কার আত্মজীবনী?

a. রবীন্দ্রনাথ ঠাকুর

b. বুদ্ধদেব বসু

c. সৈয়দ মুজতবা আলী

d. রজনীকান্ত সেন

Explanation: ***রবীন্দ্রনাথ ঠাকুর*** রবীন্দ্রনাথ ঠাকুরের আত্মকথামূলক প্রবন্ধ - ১.জীবনস্মৃতি। ২. ছেলেবেলা। ৩. আত্মপরিচয়। ৪. চরিত্রপূজা। ৫. পঞ্চভূতের ডায়েরি।

45.‘নৌফেল ও হাতেম' কাব্যের রচয়িতার নাম কী?

a. তালিম হোসেন

b. ফররুখ আহমদ

c. গোলাম মোস্তফা

d. আবুল হোসেন

Explanation: উত্তর: ফররুখ আহমদ। কবি ফররুখ আহমদ ১৯১৮ সালে ১০ জুন মাগুরা জেলার (তৎকালীন যশোর) শ্রীপুর উপজেলার মাঝআইল গ্রামে জন্মগ্রহণ করেন। প্রকৃত নাম সৈয়দ ফররুখ আহমদ। সাহিত্যকর্ম কাব্যগ্রন্থ সাত সাগরের মাঝি (১৯৪৪)। এতে মোট ১৯টি কবিতা আছে। বিখ্যাত কবিতা- পাঞ্জেরী, সাত সাগরের মাঝি, সিন্দাবাদ, লাশ এ কাব্যের অন্তর্গত। সিরাজাম মুনীরা (১৯৫২)।

এতে মহানবী হযরত মুহাম্মদ (সা.) এবং চার খলিফার গৌরবময় জীবনগাঁথা ছন্দবদ্ধ করা হয়েছে। নৌফেল ও হাতেম (১৯৬১, কাব্যনাট্য) মুহূর্তের কবিতা (১৯৬৩, সনেট সংকলন) হাতেমতায়ী (১৯৬৬, কাহিনি কাব্য) * নতুন লেখা (১৯৬৯) হাবেদা মরুর কাহিনি (১৯৮১) সিন্দাবাদ (১৯৮৩) তিনি পাখির বাসা গ্রন্থের জন্যে ১৯৬৬ সালে ইউনেস্কো পুরস্কার লাভ করেন।

46.পল্লিকবি জসীম উদ্‌দীন রচিত 'কবর' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্ভূক্ত?

a. ক) রাখালী

b. খ) বালুচর

c. গ) মাটির কান্না

d. ঘ) নকশী কাঁথার মাঠ

Explanation: উত্তর: রাখালী। পল্লিকবি জসীম উদ্‌দীন এর ছাত্রাবস্থাতেই কবি প্রতিভার বিকাশ ঘটে। - কলেজ জীবনে ‘কবর’ কবিতা রচনা করে তিনি বিপুল খ্যাতি অর্জন করেন। - বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালেই তাঁর এ কবিতাটি প্রবেশিকা বাংলা সংকলনের অন্তর্ভুক্ত হয়। কবি হিসেবে এটি তাঁর এক অসামান্য সাফল্য। - কবিতাটি প্রথম 'কল্লোল' পত্রিকায় প্রকাশিত হয়। - এটি তাঁর রচিত প্রথম কাব্যগ্রন্থ 'রাখলী' (১৯২৭) এর অন্তর্ভূক্ত হয়। তাঁর রচিত অন্যান্য কাব্যগ্রন্থ- - বালুচর, - রাখালী, - নকশী কাঁথার মাঠ, - ধানখেত, - সোজন বাদিয়ার ঘাট, - মাটির কান্না, - মা যে জননী কান্দে, ইত্যাদি।

47.সরলা ও আদিত্য রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কোন উপন্যাসের চরিত্র?

a. বলাকা

b. পরিশেষ

c. মানসী

d. মালঞ্চ

Explanation: উত্তর: মালঞ্চ। ⇒ ‘মালঞ্চ’ উপন্যাস: - ‘মালঞ্চ’ রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি সামাজিক মনস্তাত্ত্বিক উপন্যাস। - নর-নারীর জটিল সম্পর্ক নিয়ে রচিত রবীন্দ্রনাথের একটি সংক্ষিপ্ত উপন্যাস। - ১৯৭৯ সালে পরিচালক পূর্ণেন্দু পত্রী 'মালঞ্চ' চলচ্চিত্রায়িত করেন। - এই উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র:

নীরজা, আদিত্য, সরলা। • রবীন্দ্রনাথ ঠাকুর রচিত উল্লেখযোগ্য উপন্যাস: - চোখের বালি, - গোরা, - যোগাযোগ, - চতুরঙ্গ, - ঘরে-বাইরে, - চার অধ্যায়। অন্যদিকে, মানসী, বলাকা ও পরিশেষ - রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কাব্যগ্রন্থ।

48.Mr. Chowdhury died ____ a car accident yesterday.

a. by

b. in

c. of

d. for

Explanation: উত্তর- by

49.রবীন্দ্রনাথ ঠাকুর কোন পত্রিকার সাথে সম্পর্কিত ছিলেন না?

a. ক) তত্ত্ববোধিনী

b. খ) ভারতমিহির

c. গ) সাধনা

d. ঘ) বঙ্গদর্শন

Explanation: ***খ) ভারতমিহির*** রবীন্দ্রনাথ ঠাকুর সম্পাদিত পত্রিকা সমূহ হচ্ছে - - সাধনা (১৮৯৪) - ভারতী (১৮৯৮) - বঙ্গদর্শন (১৯০১) - তত্ত্ববোধিনী (১৯১১) অন্যদিকে ভারতমিহির (১৮৭৫) অনাথবন্ধু সম্পাদিত পত্রিকা। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

50.I have written the letter _______ ink.

a. ক) with

b. খ) in

c. গ) by

d. ঘ) of

Explanation: Ans- in

51.I shall help you _________ the homework.

a. ক) to do

b. খ) do

c. গ) done

d. ঘ) doing

Explanation: Ans- do

52.I will go to the market after _______________.

a. ক) i finished my work.

b. খ) i finish my work.

c. গ) i have finished my work.

d. ঘ) i will finish my work.

Explanation: Ans- i have finished my work.

53.‘ছবি’ কবিতাটি বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন কাব্যের অন্তর্গত?

a. চিত্রা

b. গীতাঞ্জলি

c. বনফুল

d. বলাকা

54.All members will turn _____ the meeting.

a. ক) in

b. খ) into

c. গ) on

d. ঘ) up

Explanation:

**Explanation:**

Turn up অর্থ উপস্থিত হওয়া।

55.‘রাবেয়া’ চরিত্রটি কাজী নজরুল ইসলামের কোন উপন্যাসে পাওয়া যায়?

a. ক) মরু-ভাস্কর

b. খ) বাঁধন-হারা

c. গ) সঞ্চিতা

d. ঘ) মৃত্যুক্ষুধা

56.He postponed the work in accordance_____ my direction

a. ক. to

b. খ. for

c. গ. with

d. ঘ. by

57.He died a week after (hit) by a stray bullet.

a. ক. hitting

b. খ. having hit

c. গ. being hit

d. ঘ. been hit

58.বাংলা সাহিত্যে মুসলিম চরিত্র অবলম্বনে রচিত প্রথম নাটক কোনটি?

a. ক) বসন্তকুমারী

b. খ) সাজাহান

c. গ) নূরজাহান

d. ঘ) জমিদার দর্পণ

59.হিতকরী' পত্রিকার সম্পাদক ছিলেন?

a. ক) প্যারীচাদ মিত্র

b. খ) মীর মশাররফ হোসেন

c. গ) ঈশ্বরচন্দ্র গুপ্ত

d. ঘ) শেখ আব্দুর রহিম

60.Some villagers are walking____ the hill.

a. ক) past

b. খ) beside

c. গ) aside

d. ঘ) none of these

P2A

About

BPSC Link

Privacy Policy

Terms & Conditions

Refund Policy

Helpline: 01329672052

© 2024 P2A All rights reserved